নিকের-প্রিয়াঙ্কা প্রেম আমিই করিয়ে দিয়েছি

ডেস্ক রিপোর্ট
নিউজবিডি৭১ডটকম
ঢাকা : ১০ বছরের ছোট মার্কিন গায়ক ও অভিনেতা নিক জোনাসের সঙ্গে প্রেম করছেন বলিউড ও হলিউড অভিনেত্রী প্রিয়াঙ্কা চোপড়া। বিটাউন থেকে শুরু করে হলিউডে পর্যন্ত এ খবর অজানা নয়। দুজনে বেশ ‘অন্তরঙ্গ’ সময় কাটাচ্ছেন। বিভিন্ন দেশে ঘুরে বেড়াচ্ছেন। এমনকি দুজন দুজনের পরিবারের সঙ্গেও পরিচিতি পর্ব সারছেন। তাদের এই প্রেম গড়াতে যাচ্ছে পরিণয়ে। শোনা যাচ্ছে শিগগিরই তাদের তাদের চারহাত এক হতে যাচ্ছে।

যাদের নিয়ে এত আলোচনা তাদের পরিচয়টা হয়েছিল কীভাবে? এ প্রশ্নই ঘুরপাক খাচ্ছে অনেকের মনে। তবে উত্তরটা জানা গেল রেসলিং ও হলিউড তারকা ডোয়াইন জনসনের কাছ থেকে। যাকে সবাই ‘দ্য রক’ হিসেবেই চেনেন।

সম্প্রতি ডোয়াইন জনসন নিজেই নিক ও প্রিয়াঙ্কাকে কাছাকাছি আনার কৃতিত্বের কথা জানালেন। প্রিয়াঙ্কার সঙ্গে ‘বেওয়াচ’ সিনেমায় এবং নিক জোনাসের সঙ্গে ‘জুমানজি ওয়েলকাম টু দ্য জঙ্গল’ সিনেমায় সহকর্মীর ভূমিকায় দেখা গিয়েছে ডোয়াইন জনসনকে।

এক সাক্ষাৎকারে তিনি জানালেন, প্রিয়াঙ্কা এবং নিককে কাছাকাছি আনার কৃতিত্ব আমার। তাদের মধ্যে প্রেমের সম্পর্ক আমিই করিয়ে দিয়েছি। তাদের সম্পর্ক যদি ভালো যায় তাহলে এর ক্রেডিট আমাকেই দিতে হবে।’

কীভাবে সম্পর্ক করালেন জনসন? খুব সহজ একটা তথ্য হলো ‘বেওয়াচ’ ও ‘জুমানজি: ওয়েলকাম টু দ্য জাঙ্গল’ একসাথে কাজ করেছেন ডোয়াইন জনসন, প্রিয়াঙ্কা চোপড়া ও নিক জোনাস। আর এই সময়টাতেই দুজনের প্রেমের সম্পর্ক করিয়ে দেন বলে জানান জনসন।

নিউজবিডি৭১/আর/১১ জুলাই, ২০১৮